৩৪

আজকের কাগজ

তারিখ 03 JAN 1993
পৃষ্ঠা ৬ কলাম ৫

# আসন্ন এসএসসি পরীক্ষায় নবম ও অষ্টম শ্রেণীর ছাত্র–ছাত্রী অংশ নেবে

বর্তমান সরকারের নৈর্ব্যক্তিক পরীক্ষা পদ্ধতির বদৌলতে শৈলকুপাসহ ঝিনেদা জেলার অসংখ্য অষ্টম শ্রেণী পাস ছাত্র–ছাত্রী ১৯৯৩ সালের আসন্ন এসএসসি পরীক্ষায় অংশ নিতে যাচ্ছে। ১৯৯৩ সালে অনুষ্ঠিত মাধ্যমিক পরীক্ষায় নৈর্ব্যক্তিক ও রচনামূলক প্রশ্নে পৃথকভাবে পাশের দরকার নেই এই মর্মে সরকারি ঘোষনার পর অষ্টম শ্রেণী উর্ত্তীন হওয়ার ছাড়পত্র নিয়ে জেলার অসংখ্য ছাত্রছাত্রী নিবাচর্নী পরীক্ষার অংশ গ্রহণ করে। জানা গেছে, এবারের এ ধরনের নির্বাচনী পরীক্ষায় ৮শ' ৪৫ জন ছাত্রছাত্রী অংশ নিয়েছে এবং এদের প্রায় সাবাইকেই মাধ্যমিক পরীক্ষায় অংশ গ্রহনের উপযুক্ত ঘোষণা করা হয়েছে। নৈর্ব্যক্তিক পরীক্ষায় বদৌলতে উর্ত্তীর্ন হওয়ার আশা নিয়ে বহিরাগত পরীক্ষার্থী হিসেবে অংশ গ্রহনের হিড়িক পড়ে গেছে। পরিক্ষার্থীদের ধারণা নৈর্ব্যক্তিকহীন অংকে ভালো করতে পারলেই অন্য সব বিষয়ে পাস করা আদৌও কঠিন নয়। নিয়ম অনুযায়ী সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের মাধ্যমে যে কেউ বহিরাগত শিক্ষার্থী হিসেবে মাধ্যমিক পরীক্ষায় অংশ নিতে পারে। শার্তানুসারে, এক্ষেত্রে অংকসহ আবশ্যিক ৫টি বিষয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ নিতে হয়। এতে উর্ত্তীন হলে অষ্টম শ্রেণী পাস একটি সার্টিফিকেট জমা দিতে হয়। এরপর বিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষা বোর্ডের মাধ্যমে উর্ত্তীনদের নাম নিবন্ধনভূক্ত করেন। এই সুযোগ গ্রহণের জন্যে অষ্টম নবম শ্রেনীর নিয়মিত শিক্ষার্থীরা বহিরাগত প্রার্থী হিসেবে পরীক্ষা দিতে যাচ্ছে। এছাড়া যারা অনেক পূর্বেই পড়াশোনা ছেড়ে দিয়েছে তারাও এই সুযোগে গ্রামের স্কুল থেকে টাকার বিনিময়ে ভূয়া সার্টিফিকেট সংগ্রহ করে পরীক্ষায় অংশ নিতে যাচ্ছে। শৈলকুপা থেকে সদরুল আইম